# বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র আইন, ২০১৮

( ২০১৮ সনের ৬৪ নং আইন )

**Bangladesh Public Administration Training Centre Ordinance, 1984 রহিতক্রমে উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারিকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তপশিলের ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হয় এবং সিভিল আপিল নং ৪৮/২০১১ তে সুপ্রীমকোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ২০১৩ সনের ৭নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হয়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যক বিবেচিত অধ্যাদেশসমূহ সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে, Bangladesh Public Administration Training Centre Ordinance, 1984 (Ordinance No. XXVI of 1984)-এর বিষয়বস্তু বিবেচনাপূর্বক রহিতক্রমে উহা পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-

(১) “কেন্দ্র” অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র;

(২) “চেয়ারপারসন” অর্থ বোর্ডের চেয়ারপারসন;

(৩) “নির্ধারিত” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি অথবা প্রবিধান দ্বারা নির্ধারিত;

(৪) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৫) "বিধি" অর্থ আইনের অধীন প্রণীত বিধি;

(৬) "বোর্ড" অর্থ ধারা ৫ এর অধীন গঠিত কেন্দ্রের পরিচালনা বোর্ড;

(৭) "রেক্টর" অর্থ ধারা ৮-এর অধীন নিয়োগকৃত রেক্টর; এবং

(৮) "সদস্য" অর্থ বোর্ডের সদস্য।

**কেন্দ্র প্রতিষ্ঠা**

৩। (১) Bangladesh Public Administration Training Centre Ordinance, 1984 (Ordinance No. XXVI of 1984)-এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (Bangladesh Public Administration Training Centre) এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) কেন্দ্র একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

(৩) কেন্দ্র সরকারের অনুমোদন গ্রহণক্রমে আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা করিতে পারিবে।

**কেন্দ্র পরিচালনার সাধারণ নির্দেশনা**

৪। (১) কেন্দ্রের বিষয়াদি ও কার্যাবলির সাধারণ পরিচালনা ও প্রশাসন, নির্ধারিত বিধানাবলি সাপেক্ষে, একটি বোর্ডের উপর ন্যস্ত থাকিবে, এবং কেন্দ্র যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য-সম্পাদন করিতে পারিবে বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য-সম্পাদন করিতে পারিবে।

(২) নীতিগত বিষয়ে বোর্ডের কার্যাবলি সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত নির্দেশনা অনুযায়ী পরিচালিত হইবে।

**বোর্ডের গঠন**

৫। (১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে, যথা:-

(ক) রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত একজন মন্ত্রী, যিনি বোর্ডের চেয়ারপারসনও হইবেন;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রী ও প্রতিমন্ত্রী;

(গ) মন্ত্রিপরিষদ সচিব;

(ঘ) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;

(ঙ) সচিব, অর্থ বিভাগ;

(চ) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;

(ছ) রেক্টর;

(জ) উপাচার্য, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়;

(ঝ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ের একজন উপাচার্য, যিনি সরকার কর্তৃক মনোনীত হইবেন;

(ঞ) কমান্ড্যান্ট, ডিফেন্স সার্ভিসেস কমান্ড এন্ড স্টাফ কলেজ;

(ট) প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ;

(ঠ) চেয়ারপারসন, লোক-প্রশাসন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, পালাক্রমে উল্লিখিত বিশ্ববিদ্যালয়ের ক্রমানুসারে;

(ড) সরকার কর্তৃক মনোনীত ৪ (চার) জন ব্যক্তি, তন্মধ্যে দুইজন মহিলা হইবেন।

(২) উপ-ধারা (১) এর দফা (ঝ), (ঠ) ও (ড) তে উল্লিখিত সদস্যগণ তাদের মনোনয়নের তারিখ হইতে ২ (দুই) বৎসর মেয়াদে সদস্য পদে বহাল থাকিবেন।

**কেন্দ্রের কার্যাবলি**

৬। কেন্দ্রের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:-

(ক) বাংলাদেশের ঊর্ধ্বতন সরকারি ও বেসরকারি নির্বাহীগণকে গতিশীল ও উন্নয়নমুখী সমাজ গঠনে নেতৃত্ব গ্রহণের উপযোগী করিয়া গড়িয়া তোলা;

(খ) বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারভুক্ত কর্মচারীগণকে বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান;

(গ) ক্যাডার বহির্ভূত সরকারি কর্মচারীগণকে বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান;

(ঘ) প্রজাতন্ত্র ও স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত কর্মচারীদের কর্মকালীন প্রশিক্ষণ প্রদান;

(ঙ) লোক-প্রশাসন ও উন্নয়নের উপর গবেষণা ও প্রকাশনার ব্যবস্থা গ্রহণ;

(চ) প্রশাসন ও উন্নয়নের উপর পুস্তক, সাময়িকী ও প্রতিবেদন প্রকাশ করণ;

(ছ) গ্রন্থাগার ও পাঠকক্ষ স্থাপন এবং রক্ষণাবেক্ষণ;

(জ) সরকারের চাহিদামতো প্রশাসন ও উন্নয়ন সংক্রান্ত কোনো সুনির্দিষ্ট সমস্যা সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান;

(ঝ) প্রশিক্ষণের জন্য ফলপ্রসূ ও প্রয়োজনানুগ প্রশিক্ষণ পাঠক্রম প্রণয়ন;

(ঞ) কেন্দ্র হইতে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারীদের সনদ প্রদান; এবং

(ট) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনীয় অন্য যে কোনো কার্য-সম্পাদন।